# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৭৫) যাদুকরের শাস্তি কী?

উত্তরঃ যাদুকরের শাস্তি হচ্ছে, তাকে তলোয়ার দিয়ে হত্যা করতে হবে। ইমাম তিরমিযী জুন্দুব (রাঃ) হতে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ

(حَدُّ السَّاحِرِ ضَرْبَةٌ بِالسَّيْفِ)

“তলোয়ার দিয়ে গর্দান উড়িয়ে দেওয়াই যাদুকরের শাস্তি”।[1] ইমাম তিরমিযী হাদীছটি বর্ণনা করার পর বলেনঃ হাদীছটি মাওকুফ সূত্রে সহীহ; মারফু সনদে সহীহ নয়। তিনি আরো বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর কতিপয় সাহাবী ও অন্যান্য আলেমগণ এই হাদীছের উপর আমল করেছেন। এটিই হচ্ছে ইমাম মালেক বিন আনাসের মাজহাব।

ইমাম শাফেয়ী (রঃ) বলেনঃ যাদুকরকে তখনই হত্যা করতে হবে, যখন তার যাদু কুফরী পর্যন্ত পৌঁছে যাবে। আর যদি যাদুকর এমন কাজ করে, যা কুফরীর স্তরে পৌঁছে নি, তাহলে তিনি যাদুকরকে হত্যা করা বৈধ মনে করেননি। উমার ইবনুল খাত্তাব, তাঁর পুত্র আব্দুল্লাহ্, কন্যা হাফসা, উছমান বিন আফ্ফান, জুন্দুব বিন আব্দুল্লাহ্, জুন্দুব বিন ক’াব, উমার বিন আব্দুল আযীয, আহমাদ বিন হাম্বাল, আবু হানীফা (রঃ) এবং অন্যান্য আলেম থেকে যাদুকরকে হত্যা করার কথা বর্ণিত হয়েছে।

## ফুটনোট

[1] - তিরমিযী, অধ্যায়ঃ কিতাবুল হুদুদ। হাদীছটি মারফু সূত্রে সহীহ নয়। ইমাম তিরমিযী বলেনঃ সঠিক কথা হচ্ছে হাদীছটি মাওকুফ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন